# কমিশন অন গভর্নমেন্ট এফিসিয়েন্সির চূড়ান্ত সভা

**23 জুলাই, 2026, বৃহস্পতিবার, বিকেল 5টায়**
**ল্যান্ডমার্কস প্রিজারভেশন কমিশন পাবলিক হিয়ারিং রুম**
**253 Broadway, 2nd Floor, New York, NY 10007**
*অনুগ্রহ করে ভবনে প্রবেশের জন্য সরকারের ইস্যু করা পরিচয়পত্র সঙ্গে নিয়ে আসবেন।*

## জনসভার বিজ্ঞপ্তি

23 জুলাই, 2026, বৃহস্পতিবার, বিকেল 5টায় কমিশন অন গভর্নমেন্ট এফিসিয়েন্সি একটি জনসভার আয়োজন করবে। সভাটি নিউ ইয়র্ক সিটির ল্যান্ডমার্কস প্রিজারভেশন কমিশন পাবলিক হিয়ারিং রুম, 253 Broadway, 2nd Floor, New York, NY 10007 ঠিকানায় অনুষ্ঠিত হবে। ভবনে প্রবেশের জন্য সরকারের ইস্যু করা পরিচয়পত্র প্রয়োজন হবে।

এই কমিশনকে নিউ ইয়র্ক সিটি চার্টারে এমন সব সংশোধনী বিষয় বিবেচনা করার সক্ষমতা প্রদান করা হয়েছে, যা 2026 সালের 3 নভেম্বর অনুষ্ঠিত সাধারণ নির্বাচনে অথবা আইন অনুসারে নির্ধারিত অন্য কোনো নির্বাচনের তারিখে ভোটারদের সামনে উপস্থাপন করা হবে।

**সাধারণ জনগণ এই সভায় অংশগ্রহণ করতে পারবেন।** এটি একটি জনসভা, কোনো গণশুনানি নয়, তাই সাধারণ জনগণ কমিশনের আলোচনা পর্যবেক্ষণের সুযোগ পেলেও এটির সামনে সাক্ষ্য দিতে পারবেন না।

সকল গণশুনানি ও সভা সরাসরি সম্প্রচারের লিঙ্ক কমিশনের ওয়েবসাইট www.nyc.gov/COGE-এ পাওয়া যাবে।

**সভাটি পর্যবেক্ষণের ক্ষেত্রে আমার সহায়তার প্রয়োজন হলে আমি কী করব?**
হুইলচেয়ার বা চলাফেরায় সহায়ক অন্যান্য ডিভাইস ব্যবহার করেন এমন ব্যক্তিরা এই স্থানে সহজে প্রবেশ করতে পারবেন। অনলাইনে এবং সশরীরে আমেরিকান সাংকেতিক ভাষা ও স্প্যানিশ দোভাষী পরিষেবা প্রদান করা হবে। ভাষার অনুবাদ এবং/অথবা অন্যান্য অ্যাক্সেসযোগ্যতার অনুরোধ করার জন্য, অনুগ্রহ করে সভা শুরুর কমপক্ষে 48 ঘণ্টা পূর্বে CharterInfo@citycharter.nyc.gov-এ ইমেইল করুন অথবা 212-788-0014 নম্বরে কল করে একটি ভয়েসমেইল পাঠান। সকল অনুরোধ যথাসম্ভব রাখার চেষ্টা করা হবে।

কমিশন অন গভর্নমেন্ট এফিসিয়েন্সি সম্পর্কে **আরো জানতে** www.nyc.gov/COGE-এ যান।